

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮২৬

কাঞ্চনপুর, ৯ ফেব্রুয়ারি, ২০২৪

কাঞ্চনপুর মহকুমায় মৎস্যচাষে সহায়তা

মৎস্যদপ্তরের কর্ম পরিকল্পনায় চলতি অর্থবছরে কাঞ্চনপুর মহকুমায় ৭১ জন মৎস্যচাষীকে মৎস্যচাষের সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে মৎস্যচাষীদের ১,৬৪০টি করে বিভিন্ন মাছের পোনা ও মৎস্যচাষের সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৮ লক্ষ ৮৭টি হাজার ৫০০ টাকা। এই কর্মসূচিতে মহকুমার দশদা ব্লকে ৩৫ জন, লালজুরি ব্লকে ২৪ জন এবং জম্পুইহিল ব্লকের ১২ জন মৎস্যচাষী উপকৃত হয়েছেন। কাঞ্চনপুর মহকুমা মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*